গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সমন্বয় ও কাউন্সিল শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০৩৮.০০৪.০১৭.২০২৪-২৫৬

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩১ / ০৯ অক্টোবর ২০২৪

বিষয়: মাননীয় প্রধান উপদেষ্টার দিক-নির্দেশনা বাস্তবায়ন।

সূত্র: মন্ত্রিপরিষদ সচিবের আধা-সরকারি পত্রসংখ্যা নং-১১৪, তারিখ: ৩০-০৯-২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস এঁর সভাপতিত্বে ০৪ সেপ্টেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত সচিব-সভায় মাননীয় প্রধান উপদেষ্টা সিনিয়র সচিব/সচিবগণের উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ বিভিন্ন দিক-নির্দেশনা প্রদান করেন। উক্ত দিক-নির্দেশনা প্রতিপালন, বাস্তবায়ন ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোক্ত আধা-সরকারি পত্রটি নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ২ (দুই) পৃষ্ঠা

(মাহবুবা আইরিন)
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৪০৮
ই-মেইল:-councillgd@lgd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ
২। যুগ্মসচিব/পরিচালক (সকল), স্থানীয় সরকার বিভাগ
৩। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ
৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ
৫। চিফ একাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা
৬। হিসাব রক্ষণ কর্মকর্তা/প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ

**দপ্তর/সংস্থা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
২। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মিউনিসিপল ডেভেলপমেন্ট ফান্ড, গ্রামীণ ব্যাংক ভবন, মিরপুর-২, ঢাকা
৪। রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ
৫। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, ---------------------------সিটি কর্পোরেশন (সকল)
৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা/খুলনা ওয়াসা
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, মশক নিবারণী দপ্তর, ঢাকা

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

মোঃ মাহবুব হোসেন
মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফোন: +৮৮০২-২২৩৩৮৬৫৫৮
ফ্যাক্স: +৮৮০২-২২৩৩৮৬৫৫৯
ই-মেইল: cab_secy@cabinet.gov.bd

আধা-সরকারি পত্রসংখ্যা-০৪.০০.০০০০.৭১২.০৬.০০৮.২১-১১৪

তারিখঃ ১৫ আশ্বিন ১৪৩১/৩০ সেপ্টেম্বর ২০২৪

প্রিয় সহকর্মী,

মাননীয় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস এঁর সভাপতিত্বে ০৪ সেপ্টেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত সচিব-সভায় মাননীয় প্রধান উপদেষ্টা সিনিয়র সচিব/সচিবগণের উদ্দেশে গুরুত্বপূর্ণ বিভিন্ন দিক-নির্দেশনা প্রদান করেন যা সংক্ষেপে নিম্নরূপঃ

১. ছাত্র-জনতার অভ্যুত্থানে সৃষ্ট নতুন বাংলাদেশকে এগিয়ে নেয়ার জন্য সরকারের সকল পর্যায়ে সংস্কার কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের লক্ষ্যে মাননীয় প্রধান উপদেষ্টা কর্তৃক প্রদত্ত 'মার্চিং অর্ডার' অনুসরণ করতে হবে;

২. সৃষ্টিশীল, নাগরিক-বান্ধব মানসিকতা নিয়ে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগকে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় সংস্কার পরিকল্পনা এবং একই সাথে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি সংস্কার কর্মসূচি বাস্তবায়নের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে;

৩. সংস্কার কর্মসূচি প্রণয়নে প্রয়োজন অনুযায়ী সংশ্লিষ্টদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ করতে হবে;

৪. বিবেক ও ন্যায়বোধে উজ্জীবিত হয়ে সবাইকে স্ব স্ব ক্ষেত্রে সততা, নিষ্ঠা, জবাবদিহিতা নিশ্চিত করে নতুন বাংলাদেশ গড়তে হবে;

৫. নতুন বাংলাদেশ গড়ার জন্য গৎবাঁধা চিন্তাভাবনা থেকে বেরিয়ে এসে, চিন্তার সংস্কার করে, সৃজনশীল উপায়ে জনস্বার্থকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে সরকারি কার্যক্রম পরিচালনা করতে হবে;

৬. দুর্নীতির মূলোৎপাটন করে, সেবা সহজীকরণের মাধ্যমে জনগণের সর্বোচ্চ সন্তুষ্টি অর্জন করতে হবে;

৭. বাজেটের স্বচ্ছতা ও জবাবদিহিতা এবং সরকারি অর্থের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে;

৮. সরকারি ক্রয়ে যথার্থ প্রতিযোগিতা নিশ্চিত করতে হবে এবং স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতে বিদ্যমান প্রতিবন্ধকতাসমূহ দূর করতে হবে;

৯. বর্তমানে বাংলাদেশকে নিয়ে বিশ্বব্যাপী যে আগ্রহ, ইতিবাচক ধারণা তৈরি হয়েছে, দেশের স্বার্থে তা সর্বোত্তম উপায়ে কাজে লাগাতে হবে;

১০. নিজ কর্তব্যকর্মে দায়িত্ববোধ ও সংবেদনশীলতা বজায় রাখতে হবে;

১১. সেবা প্রার্থীদের কেউ যেন কোনরূপ ভোগান্তি, হয়রানি কিংবা কোন কারণে দীর্ঘসূত্রিতার শিকার না হয় তা নিশ্চিত করতে হবে;

১২. আইন-শৃংখলা পরিস্থিতি উন্নতির ব্যবস্থা করতে হবে;

১৩. প্রতিটি মন্ত্রণালয়/বিভাগকে অগ্রাধিকার ভিত্তিতে কার্যক্রম গ্রহণ করতে হবে;

১৪. জরুরি সরবরাহসমূহ নিশ্চিত করে তা অব্যাহত রাখতে হবে;

১৫. কৃষি উৎপাদন যাতে ব্যাহত না হয় সেদিকে খেয়াল রাখতে হবে;

১৬. সরকারকে জনবান্ধব সরকারে পরিণত করতে সমবেতভাবে কাজ করতে হবে;

১৭. মানব-সম্পদ উন্নয়নে যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে এবং প্রশিক্ষণ কার্যক্রম যাচাই করে প্রয়োজনে সংস্কার করতে হবে;

১৮. শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা বান্ধব পরিবেশ বজায় রাখতে হবে;

১৯. বিদ্যুৎ উৎপাদন, সরবরাহ ও সঞ্চালন যাতে ব্যাহত না হয় সে বিষয়ে তৎপর থাকতে হবে;

২০. গ্যাসের দেশীয় উৎপাদন বাড়াতে প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে;

২১. খাদ্য সংগ্রহ, মজুদ ও সরবরাহ সন্তোষজনক রাখতে হবে;

২২. আমদানি নির্ভরতা কমিয়ে দেশীয় উৎপাদন বাড়াতে হবে। আমদানির বিকল্প উৎস বের করতে হবে;

২৩. ভোগ্যপণ্যের বাজার নিয়মিত তদারকি করতে হবে;

২৪. শিল্প উৎপাদন যাতে ব্যাহত না হয় তা নিশ্চিত করতে হবে এবং

২৫. আর্থিক খাতে শৃংখলা ফিরিয়ে আনতে হবে।

০২। মাননীয় প্রধান উপদেষ্টা কর্তৃক প্রদত্ত উপরি-উক্ত নির্দেশনা ও সিদ্ধান্তসমূহ অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নে আপনার একান্ত সহযোগিতা ও উদ্যোগ কামনা করছি। মাননীয় প্রধান উপদেষ্টার সদয় নির্দেশনা অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে আপনার মন্ত্রণালয়/বিভাগ হতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণপূর্বক সে সম্পর্কে অগ্রগতি মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত রাখার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদ ও শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার,

মোঃ মাহবুব হোসেন

জনাব আবু হেনা মোরশেদ জামান
সচিব
স্থানীয় সরকার বিভাগ